



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়  
স্থানীয় সরকার বিভাগ  
আইন-১  
www.lgd.gov.bd



স্মারক নম্বর: ৪৬.০০.০০০০.০২০.০৪.০২৩.২৪.২৬০

তারিখ: ১৩ চৈত্র ১৪৩০

২৭ মার্চ ২০২৪

বিষয়: রিট পিটিশন নং ১৬৪৩/২০২৪ মোকদ্দমায় বিজ্ঞ আদালত কর্তৃক প্রদত্ত রুল ও আরজি মোতাবেক দফাওয়ারি জবাব ও ঘটনার প্রকৃত বিবরণীর প্রতিবেদনসহ প্রাসঙ্গিক সংশ্লিষ্ট যাবতীয় কাগজপত্র প্রেরণ।

সূত্র: হাইকোর্ট বিভাগের রিট পিটিশন নং ১৬৪৩/২০২৪-এর ১২/০২/২০২৪ খ্রি. তারিখের রুল।

উপর্যুক্ত বিষয় ও সূত্রের পরিপ্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, গোপালগঞ্জ পৌরসভা কর্তৃক পরিচালিত ও বাস্তবায়িত ইউপিএইচসিএসডিপি-২ শীর্ষক প্রকল্পের গত ১৫/০১/২০২৪ খ্রি. তারিখের হেলথ/ইউপিএইচসিএসডিপি-২/পিআইইউ/জিএম-/১৪৪ সংখ্যক স্মারকে উক্ত প্রকল্পে এফডব্লিউডি পদে কর্মরত জনাব সোহেলী আক্তার-কে চাকুরী হতে অব্যাহতি প্রদান করা হয়। উক্ত শূন্যপদে “দৈনিক বর্তমান গোপালগঞ্জ” পত্রিকায় নিয়োগ বিজ্ঞপ্তি প্রকাশিত হয়। ফলে পিটিশনার জনাব সোহেলী আক্তার রিট পিটিশন নং ১৬৪৩/২০২৪ দায়ের করেন। মাননীয় হাইকোর্ট বিভাগ তর্কিত বিষয়ে ০৩(তিন) মাসের স্থিতাবস্থা বজায় রাখার আদেশ প্রদান করেন। এ মোকদ্দমায় স্থানীয় সরকার বিভাগের সচিব মহোদয়কে ১নং এবং মেয়র, গোপালগঞ্জ পৌরসভা-কে ৫নং প্রতিপক্ষসহ মোট পাঁচ জনকে প্রতিপক্ষ করা হয়েছে।

২। এমতাবস্থায়, রিট পিটিশন নং ১৬৪৩/২০২৪ মোকদ্দমায় বিজ্ঞ আদালত কর্তৃক প্রদত্ত রুল ও আরজি মোতাবেক দফাওয়ারি জবাব ও ঘটনার প্রকৃত বিবরণীর প্রতিবেদনসহ প্রাসঙ্গিক সংশ্লিষ্ট যাবতীয় কাগজপত্র সত্যায়িত করে দুই সেট পত্র প্রাপ্তির অনধিক ১৫(পনের) কার্যদিবসের মধ্যে প্রেরণের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

সংযুক্তি: বর্ণনামতে.....পাতা। (8579/potrojariAttachmentRef/53325/0/2240)

১-৪-২০২৪

পুরবী গোলদার

সিনিয়র সহকারী সচিব (অতিরিক্ত দায়িত্ব)

ফোন: ০২৫৫১০০৯৯৫

ইমেইল: lglaw1@lgd.gov.bd

মেয়র

গোপালগঞ্জ পৌরসভা, গোপালগঞ্জ


স্মারক নম্বর: ৪৬.০০.০০০০.০২০.০৪.০২৩.২৪.২৬০/১(৫)

তারিখ: ১৩ চৈত্র ১৪৩০

২৭ মার্চ ২০২৪

সদয় অবগতি ও কার্যার্থে প্রেরণ করা হল:

- ১) উপসচিব, পৌরসভা-১ শাখা, স্থানীয় সরকার বিভাগ
- ২) সচিবের একান্ত সচিব, সচিবের দপ্তর, স্থানীয় সরকার বিভাগ
- ৩) প্রোগ্রামার, আইসিটি সেল, স্থানীয় সরকার বিভাগ
- ৪) ব্যক্তিগত কর্মকর্তা (চলতি দায়িত্ব), অতিরিক্ত সচিবের অনুবিভাগ, স্থানীয় সরকার বিভাগ
- ৫) ব্যক্তিগত কর্মকর্তা, আইন অধিশাখা, স্থানীয় সরকার বিভাগ



১-৪-২০২৪

পূর্ববী গোলদার

সিনিয়র সহকারী সচিব (অতিরিক্ত দায়িত্ব)